দৈনিক ইনকিলাব

20 AUG 2008

পৃঃ ৩ কলাম ৪

# দেশের ৫৬ লক্ষাধিক শিক্ষার্থী উপানুষ্ঠানিক শিক্ষা গ্রহণ করে

## শেয়ারিং ওয়ার্কশপ অনুষ্ঠিত

াফ রিপোর্টার : বাংলাদেশ উপানুষ্ঠানিক শিক্ষা ্যুরোর তত্ত্বাবধানে পরিচালিত এবং শিক্ষা ার্যক্রম সংশ্লিষ্ট এনজিওদের প্রাতিষ্ঠানিক জোট িসেবে গণসাক্ষরতা অভিযান কর্তৃক বাস্তবায়িত াংলাদেশের উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর ানচিত্রায়ন ম্যাপিং কর্মসূচীর খসড়া প্রতিবেদনের ্পর গতকাল (মঙ্গলবার) এক শেয়ারিং য়ার্কশপ তেজগাঁওস্থ উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো ্মেলনায়তনে অনুষ্ঠিত হয়। উপানুষ্ঠানিক শিক্ষা ্যুরোর মহাপরিচালক মোঃ রফিকুজ্জামান-এর ভাপতিত্বে অনুষ্ঠিত এই শেয়ারিং ওয়ার্কশপে ্রধান অতিথি ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত িলেন তত্ত্বাবধায়ক সরকারের প্রাথমিক ও ণশিক্ষা, নারী ও শিশু এবং সংস্কৃতি বিষয়ক পদেষ্টা রাশেদা কে চৌধুরী ও প্রাথমিক ও ণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূঁইয়া। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পরিচালক পরিকল্পনা) মোঃ আশরাফ আলী খান। আরো ক্তব্য রাখেন গণসাক্ষরতা অভিযানের ভারপ্রাপ্ত রিচালক মুহাম্মদ আজিজুল হক। অনুষ্ঠানে পানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচীর মানচিত্রায়ন কর্মসূচীর ওপর প্রণীত খসড়া প্রতিবেদনে প্রাপ্ত ফাইন্ডিংসসমূহ উপস্থাপন করেন মানচিত্রায়ন কর্মসূচীর প্রধান গবেষক এহসানুর রহমান।

কর্মশালায় বক্তারা বলেন, সরকার উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী এগিয়ে নেয়ার জন্য নানাবিধ কর্মসূচী গ্রহণ করেছে। তার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে সাক্ষরতা উত্তর ও অব্যাহত কর্মসূচী-১ ২, ৩ গ্রহণ ও বাস্তবায়ন, শিক্ষা বঞ্চিত/বাদ পড়া শিশুদের জন্য হার্ড টু রিচ কর্মসূচী গ্রহণ, ইসলামী ফাউন্ডেশন কর্তৃক মসজিদভিত্তিক শিক্ষা কর্মসূচী গ্রহণ। গবেষণায় দেখা যায় বাংলাদেশে প্রায় ৫৬ লক্ষাধিক শিক্ষার্থী উপানুষ্ঠানিক শিক্ষা গ্রহণ করে। এখনো দেশে এমন অনেক উপজেলা আছে যেখানে কোন উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম নেই। ইএফএ ও এমডিজির লক্ষ্য অর্জন করতে হলে এ সংক্রান্ত একটি হালনাগাদ এমআইএস এবং নিবিড় পরিকল্পনা প্রয়োজন। মানচিত্রায়ন প্রতিবেদন ভবিষ্যতে দেশে উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচী বিষয়ে পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের ক্ষেত্রে সহায়ক ভূমিকা রাখবে এবং ২০১৫ সালের মধ্যে সবার জন্য শিক্ষা কর্মসূচীর লক্ষ্য অর্জনে অবদান রাখবে।